# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website:www.bmeb.gov.bd, E-mail:info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576


স্মারক নং ৫৭.১৬.০০০০.০৩.০১১.৩১.০০১.২৩-২১৩ তারিখঃ ১৬/১১/২০২৩ খ্রিঃ।

## অনলাইনে দাখিল ও আলিম পরীক্ষার পরীক্ষক নিবন্ধন (eTIF) সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান, কর্মরত শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালে বা তৎপরবর্তীতে অনুষ্ঠেয় দাখিল ও আলিম পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের নাম পরীক্ষক তালিকায় নতুন ভাবে সংযোজন কার্যক্রম আগামী ১৯/১১/২০২৩ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত নির্দেশনাবলি নিম্নরূপঃ-

১। বিদ্যমান eTIF এর তথ্য হালনাগাদ করার লক্ষ্যে এ বোর্ডের আওতাধীন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের eTIF নতুন সংযোজন এবং সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। সকল শিক্ষককে অবশ্যই এ eTIF কার্যক্রম সম্পন্ন করতে হবে । ভুল এড়ানোর জন্য প্রত্যেক শিক্ষককে নিজের তথ্য নিজেকে Input দিতে হবে এবং এন্ট্রিকৃত তথ্যের প্রিন্ট কপি সঠিকভাবে যাচাইঅন্তে চূড়ান্ত সাবমিট করতে হবে।

২। তথ্যাদি প্রদানের কার্যক্রম ১৯/১১/২০২৩ থেকে ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে (/ইবতেদায়ী স্তরের শিক্ষক/অস্থায়ী শিক্ষক/নন এমপিও/অতিথি শিক্ষক/প্রদর্শক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) eTIF এ অন্তর্ভুক্ত করার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন। সকল শিক্ষকের অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানপ্রধান এ বিজ্ঞপ্তি সম্পর্কে শিক্ষকদের অবহিত করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তাদের অন্তর্ভুক্তির জন্য ব্যবস্থা নেবেন।

৩। eTIF কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠানপ্রধান বোর্ডের ওয়েবসাইট www.bmeb.gov.bd এ গিয়ে প্রথমে অনলাইন সেবা-১ বক্স থেকে (E-filing) ই-ফাইলিং বাটনে ক্লিক করে পরবর্তী ইন্টারফেস থেকে eTIF (Insitute) বাটনে ক্লিক করে মাদ্রাসার EIIN ও Password ব্যবহার করে প্রবেশ করে বামপাশের মেনুবার থেকে Teacher বাটনের ড্রপ ডাউন থেকে +Add New Teacher বাটনে ক্লিক করে, যে শিক্ষককে সংযুক্ত করতে চায় তার নাম, পদ ও বিষয় (প্রযোজ্য ক্ষেত্রে) মোবাইল নাম্বারে প্রদান করে (মোবাইল নাম্বার যাচাইয়ের জন্য যাচাই বাটনে ক্লিক করলে মোবাইল নাম্বারে ৪ (চার) ডিজিটের একটি OTP নাম্বার যাবে যা, নিচের ঘরে লিখতে হবে), যোগদান বা MPO এর তারিখ এবং MPO নাম্বার প্রদান করে SAVE বাটনে ক্লিক করলে উক্ত শিক্ষকের মোবাইলে একটি ID ও Password সম্বলিত SMS যাবে।

৪। অতপর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমতিপ্রাপ্ত শিক্ষক eTIF কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য www.bmeb.gov.bd ওয়েব পেজ এর অনলাইন সেবা-১ বক্সে থেকে (E-filing) ই ফাইলিং বাটনে ক্লিক করে পরবর্তী ইন্টারফেস থেকে eTIF (Teacehr) বাটনে ক্লিক করে Teacher ID/ MPO OTP Index No এবং মোবাইলে SMS এর মাধ্যমে প্রাপ্ত Password ব্যবহার করে Login বাটনে ক্লিক করবেন। পরবর্তীতে বামপাশের Dashboard এর নিচে থাকা Personal, Educational ও Experience Information দিয়ে Save বাটনে ক্লিক করতে হবে।

৫। প্রতিষ্ঠানপ্রধান পুনরায় EIIN ও Password লগইন করে আবেদনকারী শিক্ষকের সকল তথ্য যাচাই করবেন এবং প্রয়োজনবোধে সংশোধন/Edit (যদি প্রয়োজন হয়) করতে পারবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, যিনি যে পদে এমপিওভুক্ত হয়েছেন এবং শ্রেণিকক্ষে যে বিষয়ে পাঠদান করেন, তিনি কেবলমাত্র সেই বিষয়েই আবেদন করবেন। বিষয়ভিত্তিক শিক্ষক স্ব-স্ব বিষয়ে আবেদন করার বিষয়টি প্রতিষ্ঠানপ্রদান নিশ্চিত করবেন। আবেদনকারী শিক্ষকের সকল তথ্য ঠিক থাকলে প্রতিষ্ঠানপ্রধান এন্ট্রি স্ক্রীনের Approve বাটনে ক্লিক করবেন এবং হার্ড কপি প্রিন্ট করে নির্ধারিত তারিখের মধ্যে বোর্ডের পরীক্ষা শাখায় প্রেরণ করবেন।

৬। Dakhil ও Alim স্তরের এমপিওভুক্ত এবং সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষক (যেমন ইবতেদায়ী স্তরের শিক্ষক/অস্থায়ী শিক্ষক/খণ্ডকালীন শিক্ষক/শরীরচর্চা শিক্ষক/গ্রন্থাগারিক/অফিস সহকারী) eTIF এ অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না। এর ব্যত্যয় হলে তার দায় প্রতিষ্ঠানপ্রধানের উপর বর্তাবে।

৭। দাখিল, আলিম, ফাজিল ও কামিল পর্যায়ের প্রতিষ্ঠানপ্রধানগণ তাঁর প্রতিষ্ঠানে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে যারা ইতোমধ্যে eTIF এ অন্তর্ভুক্ত হয়েছেন এবং যারা eTIF এ যুক্ত হননি, তাদের সকলের eTIF এ অন্তর্ভুক্তি/তথ্য হালনাগাদকরণের বিষয়টি নিশ্চিত করবেন। কোন শিক্ষক eTIF এ অন্তর্ভুক্ত না হয়ে থাকলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে।

৮। যাদের পুরাতন ID আছে এবং ইতিপূর্বে আবেদন করেছেন তারা পুরাতন আইডি পাসওয়ার্ড ব্যবহার করে নির্ধারিত তথ্য আপডেট/ Insert করবেন।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website:www.bmeb.gov.bd, E-mail:info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

৯। পুরাতন আবেদনকারী যারা ইতোমধ্যে মাদ্রাসা পরিবর্তন করেছেন তাদের নতুন মাদ্রাসার তথ্য আপডেট করার জন্য এডিট (Edit) অপশনে প্রবেশ করে মাদ্রাসা পরিবতর্ন বাটনে ক্লিক করে নির্দেশনা মোতাবেক তথ্য এন্ট্রি করে সাবমিট করতে হবে।

১০। প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল শিক্ষকের তথ্যাদি ওয়েবসাইটে eTIF এ সন্নিবেশিত করে submit বাটনে ক্লিক করার পর চূড়ান্ত হার্ডকপি প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করার পর ১০/০১/২০২৪ তারিখের মধ্যে প্রতিষ্ঠানপ্রধান বা তাঁর প্রতিনিধির মাধ্যমে বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সকল শিক্ষকের তথ্যাদি সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা তা যাচাই পূর্বক প্রতিষ্ঠানপ্রধানকে স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

১৬/১১/২৩

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট (সকল)
বোর্ডের আওতাধীন সকল দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**স্মারক নং ৫৭.১৬.০০০০.০৩.০১১.৩১.০০১.২৩-২১৩** **তারিখঃ ১৬/১১/২০২৩ খ্রিঃ।**

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:

১। সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পি.এ.টু চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৩। সংশ্লিষ্ট সকল শিক্ষকবৃন্দ
বোর্ডের আওতাভুক্ত দাখিল থেকে কামিল স্তরের সরকারি এবং এমপিওভুক্ত বেসরকারি সকল মাদ্রাসা।

৪। অফিস নথি।

১৬/১১/২৩

মোহাম্মাদ আব্দুস সালাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৫২৪৮, মোবাইল ঃ ০১৮১৬৬৪৫৬৬৯
ই-মেইলঃ dcexam@bmeb.gov.bd